



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন  
প্রশাসন শাখা

...

সভাপতি	ড. আহমেদ উল্লাহ পরিচালক
সভার তারিখ	১৬ আগস্ট ২০১৯
সভার সময়	বিকাল ৪.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	ইনোভেশন টিম (সংযুক্তি আকারে সন্নিবেশিত)

উপস্থিত সকলকে স্বাগত ও ঈদ উল আযহার শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জনকল্যান ও দেশের স্বার্থে গণবান্ধবমুখী উদ্ভাবনী কার্যাবলী সম্পাদনের বিষয়টি গুরুত্বের সাথে আলোচনা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অনলাইনে কারুশিল্পী পদক, আজীবন সম্মাননা পদক, কারুশিল্পী নিবন্ধন ও উৎসব/অনুষ্ঠানাদিতে অংশগ্রহণের আবেদনপত্র গ্রহণের ওয়েব পোর্টাল তৈরি সংক্রান্ত	আগামী ১৫ কর্মদিবসের মধ্যে ওয়েব পোর্টাল তৈরির বিষয়ে আইটি কোম্পানির সাথে যোগাযোগ করে পোর্টালের ধারণাপত্র ও প্রাক্কলন উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হলো।	ভারপ্রাপ্ত উপপরিচালক তত্ত্বাবধায়ক
০২	কিউ আর (QR) কোডের মাধ্যমে তথ্য প্রদান সংক্রান্ত	পাইলটিং প্রকল্প হিসেবে ফাউন্ডেশনের গুরুত্বপূর্ণ ১০(দশ) টি পয়েন্ট/স্থাপনা নির্ধারণ করে বাংলা ও ইংরেজি ভাষায় নির্ধারিত পয়েন্টসমূহের কনটেন্ট/তথ্যাদি প্রস্তুত করে এবং আনুসঙ্গিক কার্যাবলী সম্পাদনের মাধ্যমে "কিউ আর কোডের মাধ্যমে তথ্য প্রদান" সেবাটি দ্রুত সমাপ্ত করতে হবে।	ডিসপ্লে অফিসার গাইড লেকচারার (একেএম মুজাম্মিল হক) তত্ত্বাবধায়ক
০৩	ডিজিটাল পেমেন্ট ওয়ালেট/ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর মাধ্যমে প্রবেশ টিকিট ক্রয় সংক্রান্ত	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান "বিকাশ" এর সাথে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর ও প্রয়োজনীয় কার্যাদি সমাপ্ত করে সেবাটি মাঠ পর্যায়ে দ্রুত বাস্তবায়ন করতে হবে।	ভারপ্রাপ্ত উপপরিচালক

০৪	"বড়শি দিয়ে মাছধরা" সেবাটি অনলাইনের মাধ্যমে সম্পাদনা সংক্রান্ত	আগামী ১৫ কর্মদিবসের মধ্যে ফাউন্ডেশনের ই-টিকিটিং ওয়েবসাইটে "বড়শি দিয়ে মাছধরা" সেকশনে কাউন্টার অপশন সংযোজন করতে হবে। আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বর্তমান ও অনলাইন দুটি পদ্ধতিতেই টিকিট সংগ্রহের ব্যবস্থা রাখতে হবে। আগামী ১ অক্টোবর থেকে "বড়শি দিয়ে মাছধরা" সেবাগ্রহণ ফি প্রদান পদ্ধতি শুধুমাত্র অনলাইনের মাধ্যমে গ্রহণ করতে হবে।সেইসাথে মাছ শিকারীদের ফাউন্ডেশনের অভ্যন্তরে গাড়ী নিয়ে প্রবেশ বন্ধসহ অন্যান্য নির্দেশনাবলী তাদেরকে জানিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভারপ্রাপ্ত উপপরিচালক তত্ত্বাবধায়ক
০৫	ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সংক্রান্ত	ফাউন্ডেশনে আগত দর্শনার্থীদের সুপেয় পানি পানের সুবিধার্থে ৫টি স্পট নির্ধারণ করে পানি সঞ্চালন লাইন তৈরির ব্যবস্থা করতে হবে। এই সেবাটি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) হিসেবে উপস্থাপন করে যথাযথ ডকুমেন্টেশন করতে হবে।	ইনোভেশন টিম ও উপসহকারী প্রকৌশলী

অতঃপর উপস্থিত সকলকে যার যার দায়িত্ব সঠিকভাবে পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. আহমেদ উল্লাহ  
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৮.০০০০.১১১.০৫.০০২.১৯.৯

তারিখ: ২ ভাদ্র ১৪২৬

১৭ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ২) ডিসপ্লে অফিসার, ডিসপ্লে শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৩) রেজিস্ট্রেশন অফিসার, গবেষণা শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৪) একান্ত সহকারী, পরিচালকের দপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৫) প্রধান অফিস সহকারী কাম হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৬) উপসহকারী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৭) গাইড লেকচারার, ডিসপ্লে শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন



ড. আহমেদ উল্লাহ  
পরিচালক